



## নিম্নলিখিতগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেটের আবেদন সম্পন্ন করার জন্য নির্দেশনাসমূহ:

- সরকারি সহায়তা
- সরকারি সহায়তার পরিবর্তে চাইল্ড কেয়ার
- সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি
- Medicaid এবং সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি
- Medicaid এবং সরকারি সহায়তা
- পরিষেবাসমূহ, যেমন ফস্টার কেয়ার
- চাইল্ড কেয়ার সহায়তা
- শুধু জরুরি সহায়তা

যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন এবং একটি আবেদন বা এসব নির্দেশনা বিকল্প কোনো ফরম্যাটে প্রয়োজন হয়, তাহলে আপনি আপনার সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের ("ডিস্ট্রিক্ট") কাছে সেগুলোর জন্য অনুরোধ করতে পারেন। নিম্নলিখিত বিকল্প ফরম্যাটগুলি পাওয়া যায়:

- বড় ছাপার অক্ষরে
- ডাটা ফরম্যাট (স্ক্রিন রিডারে অ্যাক্সেসযোগ্য ইলেক্ট্রনিক ফাইল)
- অডিও ফরম্যাট (নির্দেশনাসমূহ বা আবেদনের প্রশ্নগুলোর একটি অডিও ট্রান্সক্রিপ্ট)
- ব্রেইল, যদি আপনি নিশ্চিত করেন যে উপরোক্ত বিকল্প ফরম্যাটগুলোর কোনোটিই আপনার জন্য ফলপ্রসূ হবে না

এছাড়াও আবেদন এবং নির্দেশনাগুলো বড় হাতের অক্ষরে, ডাটা ফরম্যাট এবং অডিও ফরম্যাটে [www.otda.ny.gov](http://www.otda.ny.gov) অথবা [www.health.ny.gov](http://www.health.ny.gov) ঠিকানা থেকে ডাউনলোড করা যাবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আবেদনপত্রগুলি শুধু তথ্যমূলক উদ্দেশ্যে অডিও ফরম্যাটে ও ব্রেইলে পাওয়া যায়। আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই লিখিত, নন-অল্টারনেটিভ ফরম্যাটে একটি আবেদন জমা দিতে হবে।

যদি আপনার এমন কোনো অক্ষমতা থাকে যা আপনাকে এই আবেদন সম্পূর্ণ করা থেকে এবং/অথবা সাক্ষাতকার প্রদানের জন্য অপেক্ষা করা থেকে বিরত রাখে, তাহলে অনুগ্রহ করে আপনার ডিস্ট্রিক্টকে অবহিত করুন। ডিস্ট্রিক্ট আপনার চাহিদা পূরণ করতে একটি যুক্তিসঙ্গত সুবিধা প্রদান করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে।

যদি আপনার অন্য কোনো সুযোগ-সুবিধা প্রয়োজন হয় অথবা এই আবেদনটি সম্পন্ন করার ক্ষেত্রে সাহায্য প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার ডিস্ট্রিক্টে যোগাযোগ করুন। আমরা একটি পেশাদার এবং সম্মানজনক উপায়ে আপনাকে সাহায্য ও সহায়তা প্রদান করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ।

## আবেদনপত্র সম্পন্ন করার জন্য পরামর্শ

এই আবেদনপত্রে যেখানেই আপনি “সরকারি সহায়তা” (“Public Assistance”) বা “PA” দেখতে পাবেন, এটির অর্থ হলো “পারিবারিক সহায়তা (Family Assistance)” এবং/অথবা “নিরাপত্তা জাল সহায়তা (Safety Net Assistance)। আমরা উভয় কর্মসূচিকে “সরকারি সহায়তা” বলে থাকি। PA এবং এই আবেদন ব্যবহার করে আপনি অন্য যেসব কর্মসূচির জন্য আবেদন করতে পারবেন সেগুলো অভাবী লোকজনকে অস্থায়ী সাহায্য প্রদান করার জন্য তৈরি করা হয়েছে। নির্দিষ্ট কিছু কর্মসূচি আপনি কত দিন পর্যন্ত সাহায্য পেতে পারেন তা সীমিত করে দেয়, তাই আপনার জন্য যত তাড়াতাড়ি সম্ভব স্বনির্ভরতা অর্জন করা গুরুত্বপূর্ণ। ডিস্ট্রিক্ট আপনাকে স্বনির্ভরতা অর্জনে সাহায্য করার জন্য পাশে আছে। এটা করার জন্য, আমাদেরকে অবশ্যই আপনি কে এবং আপনার কী প্রয়োজন তা জানতে হবে। একারণেই আপনাকে অবশ্যই একটি আবেদন পূরণ করতে হবে।

আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে, ডিস্ট্রিক্ট আপনাকে আপনার নিজের সম্পর্কে এবং আপনি যেসব ব্যক্তির জন্য আবেদন করছেন তাদের সম্পর্কে তথ্য প্রদান করতে বলবে এবং সেই তথ্য যাচাই করবে। এসব নির্দেশনার শেষে থাকা প্রয়োজনীয় কাগজপত্রের একটি তালিকা থেকে আপনার কোন ধরনের তথ্য প্রদান করার প্রয়োজন হতে পারে এবং কোন ধরনের ডকুমেন্ট এই তথ্য যাচাই করতে পারবে তা দেখা যাবে। উদাহরণস্বরূপ, আপনি কে তা প্রমাণ করার জন্য, আপনি ছবিযুক্ত পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, যুক্তরাষ্ট্রের পাসপোর্ট, ন্যাচারালাইজেশন সার্টিফিকেট, হাসপাতাল বা ডাক্তারের রেকর্ড, বা দস্তক নেওয়ার কাগজপত্র প্রদান করতে পারেন। সেইসাথে, আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে ডিস্ট্রিক্ট আপনার সাক্ষাতকার গ্রহণ করবে। যেখানে সম্ভব সেখানে ডিস্ট্রিক্ট একাধিক কর্মসূচির জন্য সম্মিলিতভাবে সাক্ষাতকার গ্রহণ করবে।

আপনাকে সাহায্য করার জন্য এই আবেদন এবং এসব নির্দেশনায় নম্বর দেওয়া আছে। অনুগ্রহ করে আবেদনপত্রটি পূরণ করার সময় নিম্নলিখিত বিষয়গুলো মনে রাখবেন:

- অনুগ্রহ করে বড় হাতের অক্ষরে লিখুন।
- ধূসর অংশে লিখবেন না।
- আপনি যে ব্যক্তির জন্য আবেদন করছেন তার জন্য প্রাসঙ্গিক প্রতিটি সেকশন পূরণ করতে ভুলবেন না।
- সবসময় আইনি নাম ব্যবহার করুন, যদি অন্য কোনো নির্দেশনা দেওয়া হয়।
- যদি আপনি কোনো ব্যক্তির প্রতিনিধি হিসেবে আবেদন করেন, তাহলে অনুগ্রহ করে সেই ব্যক্তি সম্পর্কে তথ্য দিন, আপনার সম্পর্কে নয়। আপনি এবং আপনি যে ব্যক্তির প্রতিনিধিত্ব করছেন উভয়েই এই আবেদনপত্রের শেষ পৃষ্ঠায় স্বাক্ষর করেছেন তা নিশ্চিত করুন।
- এই আবেদনপত্রের কোনো অংশ কিভাবে সম্পন্ন করতে হবে সে ব্যাপারে আপনি অনিশ্চিত হলে, আপনার ডিস্ট্রিক্টের কাছে সাহায্য চান।

LDSS-2921, “নির্দিষ্ট কিছু সুবিধা এবং পরিষেবার জন্য নিউ ইয়র্ক স্টেটে আবেদন”-এর পাশাপাশি নিম্নলিখিত তথ্যমূলক পুস্তিকার কপি আপনার কাছে রাখতে ভুলবেন না, যেগুলো ডিস্ট্রিক্টে অথবা [www.otda.ny.gov](http://www.otda.ny.gov) ঠিকানায় পাওয়া যাবে:

- LDSS-4148A: “বই 1: আপনার অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত”
- LDSS-4148B: “বই 2: সামাজিক পরিষেবা কর্মসূচিসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত”
- বই 1, LDSS-4148A এবং বই 2, LDSS-4148B-এর সম্পূরক: “Medicaid কর্মসূচির গুরুত্বপূর্ণ পরিবর্তনসমূহ”
- LDSS-4148C: “বই 3: যদি আপনার কোনো জরুরি অবস্থা থাকে তাহলে আপনার যা জানা উচিত”

## আবেদনপত্রের কভার পেইজ

যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন, তাহলে আপনি যেসব কর্মসূচিতে আবেদন করেছেন/তালিকাভুক্ত হয়েছেন সেগুলো সম্পর্কে একটি বিকল্প ফরম্যাটে নোটিশ পেতে বেছে নিতে পারেন। বিকল্প ফরম্যাটগুলো বড় ছাপার অক্ষরে, ডাটা CD, অডিও CD, বা ব্রেইল হিসেবে পাওয়া যায়, যদি আপনি ঘোষণা করেন যে অন্যান্য বিকল্প ফরম্যাটের কোনোটিই আপনার জন্য ফলপ্রসূ হবে না।

**যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন, তাহলে আপনি কি কোনো বিকল্প ফরম্যাটে লিখিত নোটিশ পেতে চান?** যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন, তাহলে আপনি যেসব কর্মসূচিতে আবেদন করেছেন/তালিকাভুক্ত হয়েছেন সেগুলো সম্পর্কে একটি বিকল্প ফরম্যাটে নোটিশ পেতে চান কিনা নির্দেশ করতে "হ্যাঁ" বা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

**যদি হ্যাঁ হয়, তাহলে আপনি কোন ধরনের ফরম্যাটে পেতে চান সেটিতে টিকচিহ্ন দিন:** যদি আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টি প্রতিবন্ধী হন এবং আপনি যেসব কর্মসূচিতে আবেদন করেছেন/তালিকাভুক্ত হয়েছেন সেগুলো সম্পর্কে একটি বিকল্প ফরম্যাটে নোটিশ পেতে চান, তাহলে আপনি যে ধরনের ফরম্যাট পছন্দ করেন সেটিতে টিকচিহ্ন (✓) দিন: বড় ছাপার অক্ষরে, ডাটা CD, অডিও CD, বা ব্রেইল। যদি আপনি ঘোষণা করেন যে বিকল্প ফরম্যাটগুলোর কোনোটিই আপনার জন্য ব্রেইলের মতো ফলপ্রসূ হবে না, তাহলে বিকল্প ফরম্যাট হিসেবে ব্রেইল পাওয়া যাবে।

যদি আপনার অন্য কোনো সুযোগ-সুবিধা প্রয়োজন হয় অথবা এই আবেদনটি সম্পন্ন করার ক্ষেত্রে সাহায্য প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার ডিস্ট্রিক্টে যোগাযোগ করুন।

## আবেদনপত্রের পৃষ্ঠা 1

### সেকশন 1: আপনি অথবা পরিবারের কোনো সদস্য যেসব কর্মসূচিতে আবেদন করেছেন সেগুলোর প্রত্যেকটি চেক করে দেখুন

আপনি অথবা পরিবারের কোনো সদস্য যেসব কর্মসূচিতে আবেদন করতে চান সেগুলোর প্রতিটিতে টিকচিহ্ন (✓) দিন।

Medicaid-এর (Medicaid) মধ্যে Medicaid কর্মসূচি, প্রতিবন্ধী কর্মজীবী লোকজনের জন্য Medicaid বাই-ইন, এবং পরিবার পরিকল্পনা বেনিফিট (Family Planning Benefit) কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। এই আবেদনপত্রে যেখানেই আপনি "MA" দেখতে পাবেন, এটির অর্থ হলো "Medicaid", যেটি আগে "মেডিকেল সহায়তা (Medical Assistance)" নামে পরিচিত ছিল। যদি আপনি একই সময়ে সরকারি সহায়তা (Public Assistance, PA) অথবা সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program, SNAP) জন্য আবেদন করেন, তাহলেই কেবল আপনি এই আবেদনপত্র ব্যবহার করে MA-এর জন্য আবেদন করতে পারবেন। যদি আপনি Medicaid এবং SNAP-এর জন্য আবেদন করতে চান, তাহলে "Medicaid (MA) এবং SNAP" বক্সে টিকচিহ্ন (✓) দিন। যদি আপনি Medicaid এবং PA-এর জন্য আবেদন করতে চান, তাহলে "Medicaid (MA) এবং PA" বক্সে টিকচিহ্ন (✓) দিন।

যদি আপনি শুধু MA-এর জন্য আবেদন করতে চান, তাহলে আপনি আরো তথ্যের জন্য অথবা আবেদন করতে অনলাইনে <https://nystateofhealth.ny.gov/> ঠিকানায় যেতে পারেন এবং/অথবা 1-855-355-5777 নম্বরে ফোন করতে পারেন, অথবা আপনি শুধু MA-এর জন্য ব্যবহৃত কাগজের আবেদনপত্র – ফরম DOH-4220 ব্যবহার করতে পারেন, যেটি আপনার কর্মী আপনাকে প্রদান করতে পারেন, অথবা 1-800-541-2831 নম্বরে MA হেল্পলাইনে ফোন করতে পারেন। যদি আপনি শুধু মেডিকেল সেভিংস প্রোগ্রামের (Medicare Savings Program, MSP) জন্য আবেদন করতে চান, তাহলে আপনাকে অবশ্যই ফরম DOH-4328 ব্যবহার করে আবেদন করতে হবে, যেটি আপনার কর্মী আপনাকে প্রদান করতে পারেন। যদি আপনার ব্যক্তিগত পরিচর্যা পরিষেবা পাওয়ার তাৎক্ষণিক প্রয়োজন থাকে, তাহলে আপনার DOH-4220 MA আবেদন ফরমটি ব্যবহার করে পৃথকভাবে MA-এর জন্য আবেদন করা উচিত।

যদি আপনি সরকারি সহায়তা পাওয়ার যোগ্য হন, কিন্তু আপনার শুধু চাইল্ড কেয়ার সহায়তার (Child Care Assistance) প্রয়োজন রয়েছে বলে সিদ্ধান্ত নেন, তাহলে "PA-এর পরিবর্তে চাইল্ড কেয়ার" বক্সে টিকচিহ্ন (✓) দিন। যদি আপনি আপনার মন পরিবর্তন করেন এবং সিদ্ধান্ত নেন যে আপনার সরকারি সহায়তা প্রয়োজন, তাহলে আপনি যেকোনো সময় এই কর্মসূচির জন্য আবেদন করতে পারবেন।

যদি আপনি "শুধু জরুরি সহায়তা (Emergency Assistance Only, EMRG)" বক্সে টিকচিহ্ন (✓) দেন, তাহলে আপনি নির্দেশ করেছেন যে আপনি শুধু এককালীন জরুরি পেমেন্টের জন্য আবেদন করেছেন এবং অন্য কোনো কর্মসূচির জন্য যোগ্যতা নির্ণয় করা হবে না।

### সেকশন 2

**আপনার মূল ভাষা কী?** আপনি কোন ভাষা সবচেয়ে বেশি ব্যবহার করেন তা নির্দেশ করতে "ইংরেজি", "স্প্যানিশ", বা "অন্যান্য" ঘরে টিকচিহ্ন (✓) দিন। যদি আপনি "অন্যান্য" ঘরে টিকচিহ্ন (✓) দেন, তাহলে আপনার পছন্দের ভাষাটি বড় হাতের অক্ষরে লিখুন।

**আপনি কি বিজ্ঞপ্তি পেতে চান:** আপনি যেসব কর্মসূচিতে আবেদন করেছেন/তালিকাভুক্ত হয়েছেন সেগুলো সম্পর্কে আপনি নোটিশ পাবেন। আপনি এসব নোটিশ যে ভাষায় পেতে চান তা নির্দেশ করতে "শুধু ইংরেজি" অথবা "ইংরেজি ও স্প্যানিশ" ঘরে টিকচিহ্ন (✓) দিন।

### সেকশন 3: আবেদনকারীর তথ্য

**নাম:** আপনার নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, নামের শেষাংশ স্পষ্টাক্ষরে লিখুন।

**বৈবাহিক অবস্থা:** আপনি বর্তমানে অবিবাহিত, বিবাহিত, বিধবা/বিপত্নীক, আইনিভাবে পৃথক বা ডিভোর্সী কিনা তা স্পষ্টাক্ষরে লিখুন। যদি আপনার কখনো বিয়ে হয়ে থাকে, তাহলে উপযুক্ত অবস্থাটি বড় হাতের অক্ষরে লিখুন, "অবিবাহিত" ("single") লিখবেন না।

**ফোন নম্বর:** আপনার ফোন নম্বর স্পষ্টাক্ষরে লিখুন, যদি থাকে।

**মোবাইল নম্বর?:** "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিয়ে এটি মোবাইল নম্বর কিনা তা নির্দেশ করুন।

**আবাসিক ঠিকানা:** **সড়কের ঠিকানা:** আপনি যেখানে বসবাস করেন সেখানের হাউস বা বিল্ডিং নম্বর, স্ট্রিট, এভিনিউ, রোড, ইত্যাদি স্পষ্টাক্ষরে লিখুন।

**অ্যাপার্টমেন্ট নম্বর:** প্রযোজ্য ক্ষেত্রে, আপনার অ্যাপার্টমেন্ট নম্বর স্পষ্টাক্ষরে লিখুন।

**সিটি:** আপনি যে সিটিতে বাস করেন সেটির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**কাউন্টি:** আপনি যে কাউন্টিতে বাস করেন সেটির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**স্টেট:** আপনি যে স্টেটে বাস করেন সেটির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**জিপ কোড:** আপনার ঠিকানার জিপ কোড স্পষ্টাক্ষরে লিখুন।

**প্রযত্নের নাম:** যদি অন্য কেউ আপনার জন্য আপনার চিঠি গ্রহণ করেন, তাহলে সেই ব্যক্তির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**চিঠি পাঠানোর ঠিকানা:** যদি আপনি যেখানে বাস করছেন সেখানে ছাড়া অন্য কোনো স্থানে আপনার চিঠি পেয়ে থাকেন, তাহলে এই লোকেশনের সড়কের ঠিকানা (এবং প্রযোজ্য ক্ষেত্রে অ্যাপার্টমেন্ট নম্বর) বা পোস্ট অফিস বক্স, সিটি, কাউন্টি, স্টেট এবং জিপ কোড স্পষ্টাক্ষরে লিখুন।

**আপনার বর্তমান ঠিকানায় আপনি কত দিন ধরে বাস করছেন?:** আপনার বর্তমান ঠিকানায় আপনি কত বছর এবং মাস ধরে বসবাস করছেন সেই সংখ্যা স্পষ্টাক্ষরে লিখুন।

**এটি কি কোনো শেল্টার?:** আপনি যে স্থানে বসবাস করছেন সেটি কি কোনো শেল্টার বা আশ্রয়কেন্দ্র কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

**আপনার সঙ্গে যোগাযোগ করা যাবে এমন আরেকটি ফোন নম্বর:** আপনার সঙ্গে যোগাযোগ করা যাবে এমন আরেকটি ফোন নম্বর স্পষ্টাক্ষরে লিখুন, যদি থাকে।

**ইমেইল ঠিকানা (ঐচ্ছিক):** ইমেইলের মাধ্যমে আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য ডিস্ট্রিক্টকে অনুমতি দিতে আপনার ইমেইল ঠিকানা স্পষ্টাক্ষরে লিখুন। **আবেদন করার জন্য ইমেইল ঠিকানা প্রদান করা আবশ্যিক নয়।**

**বর্তমান ঠিকানায় যাওয়ার দিকনির্দেশনা:** আপনার বাড়ি কিভাবে খুঁজে নিতে হবে সে সম্পর্কিত দিকনির্দেশনা স্পষ্টাক্ষরে লিখুন। সাধারণভাবে পরিচিত বিখ্যাত স্থানগুলো ব্যবহার করুন।

**আগের ঠিকানা:** আপনার বর্তমান ঠিকানায় সরে আসার আগে আপনি যেখানে বসবাস করতেন সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিখুন।

**যদি আপনি বর্তমানে গৃহহীন হয়, তাহলে এখানে টিকচিহ্ন দিন:** যদি আপনার বসবাস করা মতো কোনো স্থান না থাকে/কোনো ঠিকানা না থাকে, তাহলে এই ঘরে টিকচিহ্ন (✓) দিন।

**আবেদনকারীকে সহায়তাকারী সংস্থা/যোগাযোগের ব্যক্তি:** যদি কেউ আপনাকে আবেদন করার জন্য সাহায্য করে, তাহলে সেই ব্যক্তির নাম, তাদের সংস্থা, যদি থাকে, এবং সেই ব্যক্তির ফোন নম্বর স্পষ্টাক্ষরে লিখুন।

**আপনার কি এই আবেদনপত্রের Medicaid অংশ এবং কোনো Medicaid কভারেজ পাওয়ার সম্ভাব্য বিষয়টি গোপন রাখা প্রয়োজন?:** আপনার আবেদন এবং/অথবা যেকোনো Medicaid কভারেজ প্রাপ্তির ব্যাপারে যোগাযোগের কথা গোপন রাখার প্রয়োজন আছে কিনা তা এই আবেদনে নির্দেশ করতে এবং/অথবা আপনার কর্মীকে বলার জন্য "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

#### সেকশন 4: যদি আপনি SNAP-এর জন্য আবেদন করেন

এই আবেদনপত্রের সেকশন 4-এর বিবৃতিটি পড়ুন, এবং যদি এটি আপনার জন্য অথবা আপনি আবেদন করছেন এমন কোনো ব্যক্তির জন্য প্রযোজ্য হয়, তাহলে বিবৃতিটির নিচে স্বাক্ষর করুন এবং তারিখ লিখুন। যদি এই সেকশন সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে ডিস্ট্রিক্টের সঙ্গে যোগাযোগ করুন।

#### সেকশন 5: এগুলোর কোনোটি কি আপনার জন্য প্রযোজ্য?

আপনার জন্য অথবা আপনি আবেদন করছেন এমন কোনো ব্যক্তির জন্য প্রযোজ্য প্রতিটি পরিস্থিতিতে টিকচিহ্ন (✓) দিন

## আবেদনপত্রের পৃষ্ঠা 2

#### সেকশন 6: পরিবারের তথ্য

নাম: আপনার সঙ্গে বসবাসকারী প্রত্যেকের নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, নামের শেষাংশ স্পষ্টাক্ষরে লিখুন, *এমনকি যদি তার আবেদন নও করেন* তালিকার প্রথমে আপনার নিজের নাম লিখুন।

এই ব্যক্তি যেটির জন্য আবেদন করছেন: প্রত্যেক ব্যক্তি কোন ধরনের সহায়তার জন্য আবেদন করছেন সেটিতে টিকচিহ্ন (✓) দিন: সরকারি সহায়তার জন্য PA, সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির জন্য SNAP, Medicaid-এর জন্য MA, চাইল্ড কেয়ার সহায়তার জন্য CC, ফস্টার কেয়ারের জন্য FC, পরিষেবাসমূহের জন্য (যেমন শিশুদের বা প্রাপ্তবয়স্কদের জন্য প্রতিরোধমূলক/সুরক্ষামূলক পরিষেবা) S, অথবা শুধু জরুরি সহায়তার জন্য EMRG।

জন্মতারিখ: *আবেদনকারী* প্রত্যেক ব্যক্তির জন্মতারিখ স্পষ্টাক্ষরে লিখুন।

লিঙ্গ ও লিঙ্গ পরিচয়: নিউ ইয়র্ক স্টেট লিঙ্গ, লিঙ্গ পরিচয়, বা অভিব্যক্তি নির্বিশেষে স্টেটের বেনিফিট এবং/অথবা পরিষেবাগুলো আপনার অ্যাক্সেস করার অধিকার নিশ্চিত করে। আপনাকে অবশ্যই আপনার লিঙ্গ এবং পরিবারের সকল সদস্যের লিঙ্গ পুরুষ, মহিলা, বা "X" হিসেবে রিপোর্ট করতে হবে। অনুগ্রহ করে পুরুষের জন্য "M", মহিলার জন্য "F", অথবা নন-বাইনারি বা অন্য পরিচয়ের জন্য "X" নির্দেশ করুন। আপনার আবেদন প্রক্রিয়া করার জন্য আপনি যে লিঙ্গ রিপোর্ট করেন তা উল্লেখ করা আবশ্যিক। আপনি যে বেনিফিট কার্ড পেতে যাচ্ছেন সেখানে এটি লেখা থাকবে না অথবা জনসাধারণের জন্য উন্মুক্ত অন্য কোনো ডকুমেন্টে উল্লেখ করা হবে না।

লিঙ্গ পরিচয় হলো আপনি নিজেকে যেভাবে দেখেন এবং নিজেকে যেভাবে পরিচয় দিয়ে থাকেন। আপনার লিঙ্গ পরিচয় আপনার জন্মের সময় নির্ধারিত লিঙ্গ বা জেন্ডারের অনুরূপ বা ভিন্ন হতে পারে। এই আবেদনের জন্য লিঙ্গ পরিচয় আবশ্যিক নয়। যদি আপনার লিঙ্গ পরিচয়, অথবা আপনার পরিবারের অন্য কোনো সদস্যের লিঙ্গ পরিচয় সেই ব্যক্তির জন্য আপনার রিপোর্টকৃত লিঙ্গের চেয়ে ভিন্ন হয় এবং আপনি সেই ব্যক্তির লিঙ্গ পরিচয় উল্লেখ করতে চান, তাহলে প্রদত্ত জায়গায় "পুরুষ", "মহিলা", "নন বাইনারি", "X", "ট্রান্সজেন্ডার", "অথবা "ভিন্ন পরিচয়" ("Male," "Female," "Non Binary," "X," "Transgender," বা "Different Identity") উল্লেখ করুন। যদি আপনি "ভিন্ন পরিচয়" লেখেন, তাহলে আপনি প্রদত্ত স্থানে সেই ব্যক্তির লিঙ্গ পরিচয় সম্পর্কে আরো বিস্তারিত তথ্য প্রদান করতে পারেন। এই তথ্য প্রদান করা স্বেচ্ছামূলক। এটি আবেদনকারী ব্যক্তির উপযুক্ততা অথবা প্রাপ্ত বেনিফিটের মাত্রাকে প্রভাবিত করবে না।

আপনার সাথে সম্পর্ক: প্রত্যেক ব্যক্তির জন্য, আপনার সঙ্গে তার সম্পর্ক বড় হাতের অক্ষরে লিখুন (উদাহরণস্বরূপ: স্বামী বা স্ত্রী, পুত্র, ফস্টার চাইল্ড, বন্ধু, কুমমেট, বোর্ডার, ইত্যাদি)।

আবেদনকারী পরিবারের সদস্যদের সোশ্যাল সিকিউরিটি নম্বর: আবেদনকারী প্রত্যেক ব্যক্তির সোশ্যাল সিকিউরিটি নম্বর স্পষ্টাক্ষরে লিখুন *যদি ন সেই ব্যক্তি*

- শুধু Medicaid-এর জন্য আবেদনকারী কোনো গর্ভবতী মহিলা হন;
- কোনো জরুরি মেডিকেল অবস্থার কারণে Medicaid বা সুবিধার জন্য আবেদন করছেন এমন কোনো অ-নাগরিক হন;
- শুধু প্রাপ্তবয়স্কদের সুরক্ষা পরিষেবার জন্য আবেদনকারী কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি হন; অথবা
- শুধু চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদন করেন। যদি উক্ত ব্যক্তি চাইল্ড কেয়ার সহায়তা এবং প্রতিরোধমূলক পরিষেবার জন্য *তথ্য সরকারি সহায়তার পরিবর্তে* আবেদন করেন, তাহলে সেই ব্যক্তির সোশ্যাল সিকিউরিটি নম্বর স্পষ্টাক্ষরে লিখুন।

অন্যান্য পরিষেবা, যেমন ফস্টার কেয়ার, শিশু সুরক্ষা পরিষেবাসমূহ, শিশুদের প্রতিরোধমূলক পরিষেবাসমূহ, এবং কাউন্সেলিং, বিভিন্ন উৎসের অর্থায়নে পরিচালিত হয়, যার মধ্যে অনেকগুলোর জন্য সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করা আবশ্যিক। যদিও কিছু পরিষেবার জন্য আবেদনকারীদের সোশ্যাল

সিকিউরিটি নম্বর প্রদান করার আবশ্যিকতা থাকে না, তবে আপনি কোনো সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান না করলে এসব পরিষেবা পাওয়া নাও যেতে পারে। তাই আমরা এসব পরিষেবার জন্য সব আবেদনকারীর কাছে সোশ্যাল সিকিউরিটি নম্বরের জন্য অনুরোধ করছি, যাতে তাদেরকে তারা পাওয়ার যোগ্য হতে পারেন এমন সব সুবিধা পেতে সাহায্য করা যায়।

**সম্পন্ন করা সর্বোচ্চ স্কুল গ্রেড:** *আবেদনকারী* প্রত্যেক ব্যক্তির জন্য সম্পন্ন করা সর্বোচ্চ স্কুল গ্রেড (1 থেকে 12) লিখুন। যদি 12 বছরের বেশি হয়, তাহলে 13 লিখুন। যদি কোনো আনুষ্ঠানিক স্কুল শিক্ষা না থাকে, তাহলে 0 লিখুন। যদি আপনি শুধু পরিষেবার জন্য আবেদন করেন, তাহলে আপনাকে এই প্রশ্নের উত্তর দিতে হবে না।

**এই ব্যক্তি কি (অপ্রাপ্তবয়স্ক শিশু সহ) আপনার সঙ্গে খাবার কেনেন বা প্রস্তুত করেন?:** আপনার সঙ্গে *কম্বাইস করছেন* এমন প্রত্যেক ব্যক্তির জন্য এই প্রশ্নের "হ্যাঁ" অথবা "না" উত্তরে টিকচিহ্ন (✓) দেওয়া গুরুত্বপূর্ণ, তারা আবেদন করুক বা না করুক। কখনো কখনো, যেসব ব্যক্তি পৃথকভাবে খাবার কেনেন এবং প্রস্তুত করেন তারা বেশি SNAP বেনিফিট পেতে পারেন।

**আপনি অথবা আপনার পরিবারের যেকোনো ব্যক্তি যেসব পারিবারিক নামে বা অন্য নামে পরিচিত সেগুলোর তালিকা দিন:** এই সেকশনে তালিকাভুক্ত যেকোনো ব্যক্তির ব্যবহার করা যেকোনো পারিবারিক নাম, পূর্বের কোনো বিবাহের ফলে পাওয়া নাম, অথবা অন্য নাম স্পষ্টাক্ষরে লিখুন। নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর (M.I.), এবং নামের শেষাংশ অন্তর্ভুক্ত করুন।

## আবেদনপত্রের পৃষ্ঠা 3

### সেকশন 7: জাতি জাতিগত উৎপত্তি

এই তথ্য প্রদান করা স্বেচ্ছামূলক। এটি আবেদনকারী ব্যক্তিদের উপযুক্ততা অথবা প্রাপ্ত বেনিফিটের মাত্রাকে প্রভাবিত করবে না। এই তথ্যের জন্য অনুরোধ করার কারণ হলো বেনিফিটগুলো জাতি, বর্ণ, বা জাতীয় উৎস নির্বিশেষে বন্টন হওয়ার বিষয়টি নিশ্চিত করা। যদি আপনি এই সেকশন সম্পন্ন করেন, তাহলে অনুগ্রহ করে আবেদনকারী প্রত্যেক ব্যক্তির জন্য সেই ব্যক্তি হিস্প্যানিক এবং/অথবা ল্যাটিনো কিনা তা নির্দেশ করতে "H" কলামে "হ্যাঁ"-এর জন্য "Y" লিখুন। প্রত্যেক ব্যক্তির জাতিগত পটভূমি নির্দেশ করতে প্রয়োজ্য জাতির কলামে "হ্যাঁ"-এর জন্য "Y" লিখুন:

- H = হিস্প্যানিক বা ল্যাটিনো
- I = আমেরিকার আদিবাসী বা আলাস্কার আদিবাসী
- A = এশীয়
- B = কৃষ্ণাঙ্গ বা আফ্রিকান আমেরিকান
- P = হাওয়াই-এর আদিবাসী অথবা প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসী
- W = শ্বেতাঙ্গ
- U = অজানা

## আবেদনপত্রের পৃষ্ঠা 4

### সেকশন 8: নগরিকত্ব সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নগরিক

নিম্নলিখিত যেকোনো কর্মসূচির জন্য আবেদন করছেন এমন প্রত্যেক ব্যক্তির জন্য এই সেকশন সম্পন্ন করুন:

- চাইল্ড কেয়ার সহায়তা;
- ফস্টার কেয়ার; অথবা
- অন্যান্য পরিষেবা।

সেইসাথে, যদি আপনি অথবা আপনার পরিবারের কেউ সম্পূর্ণক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) জন্য আবেদন করেন, তাহলে আপনাকে অবশ্যই পরিবারের *সরকার* তালিকা দিতে হবে, এমনকি যদি তারা SNAP-এর জন্য আবেদন না করেন তবুও। এছাড়াও আপনাকে অবশ্যই সরকারি সহায়তার (PA) জন্য আবেদনকারী যেকোনো শিশুর সঙ্গে বসবাসকারী যেকোনো ভাই-বোন এবং বাবা-মায়ের তালিকা প্রদান করতে হবে। যদি শুধু চাইল্ড কেয়ার সহায়তা বা ফস্টার কেয়ারের জন্য আবেদন করেন, তাহলে শুধু যেসব শিশুর চাইল্ড কেয়ার বা ফস্টার কেয়ার প্রয়োজন তাদের জন্য এই সেকশন সম্পন্ন করুন। যদি আপনি আবেদনকারী কোনো ব্যক্তির জন্য এই সেকশন সম্পন্ন না করেন, তাহলে সেই ব্যক্তি সহায়তা নাও পেতে পারেন।

**নাম:** যেসব ব্যক্তি আবেদন করছেন অথবা যাদের নাম অবশ্যই তালিকায় থাকতে হবে তাদের প্রত্যেকের নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর (MI), নামের প্রথমাংশ স্পষ্টাক্ষরে লিখুন।

প্রত্যেক ব্যক্তির জন্য হয় “নাগরিক/ন্যাশনাল” অথবা “অ-নাগরিক”-এ টিকচিহ্ন দিন: প্রত্যেক ব্যক্তির নামের পাশে, সেই ব্যক্তি যুক্তরাষ্ট্রের একজন নাগরিক, আমেরিকার আদিবাসী, অথবা ন্যাশনাল তা নির্দেশ করতে “নাগরিক/ন্যাশনাল” ঘরে, অথবা সেই ব্যক্তি যুক্তরাষ্ট্রের একজন নাগরিক, আমেরিকার আদিবাসী, অথবা ন্যাশনাল নন তা নির্দেশ করতে “অ-নাগরিক” ঘরে টিকচিহ্ন (✓) দিন।

**USCIS নম্বর (এলিয়েন রেজিস্ট্রেশন নম্বর) অথবা নন-সিটিজেন নম্বর:** প্রয়োজ্য ক্ষেত্রে, উক্ত ব্যক্তির নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার (Citizenship and Immigration Services, USCIS) নম্বর অথবা নন-সিটিজেন নম্বর প্রদান করুন।

### সেকশন 9: প্রত্যয়ন

এই সেকশনের নিচের দিকে থাকা বিবৃতিগুলো মনোযোগ দিয়ে পড়ুন, এরপর নিম্নলিখিত যেকোনো কর্মসূচির জন্য **আবেদনকারী** প্রত্যেক ব্যক্তির নাগরিকত্ব অথবা সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নাগরিক হওয়ার বিষয়টি প্রত্যয়ন করে সার্টিফিকেশনে তারিখ সহ স্বাক্ষর করুন। (যদি শুধু চাইল্ড কেয়ার সহায়তা বা ফস্টার কেয়ারের জন্য আবেদন করেন, তাহলে শুধু যেসব শিশুর চাইল্ড কেয়ার বা ফস্টার কেয়ার প্রয়োজন তাদের জন্য এই সেকশন সম্পন্ন করুন।) যদি আবেদনকারী কোনো ব্যক্তি যুক্তরাষ্ট্রের নাগরিক, আমেরিকার আদিবাসী, বা ন্যাশনাল না হন, তাহলে সেই ব্যক্তি যেসব কর্মসূচির জন্য আবেদন করছেন এবং তার সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নাগরিক স্ট্যাটাস রয়েছে সেগুলোতে টিকচিহ্ন (✓) দিন।

- সরকারি সহায়তা (Public Assistance, PA);
- সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP);
- Medicaid (MA);
- চাইল্ড কেয়ার সহায়তা (CC);
- ফস্টার কেয়ার (FC);
- অন্যান্য পরিষেবা (S); এবং/অথবা
- জরুরি সহায়তা (EMRG).

“সন্তোষজনক অ-নাগরিক স্ট্যাটাস” (“Satisfactory non-citizen status”)-এর অর্থ হলো এমন অ-নাগরিক স্ট্যাটাস যেটির কারণে উক্ত ব্যক্তি কোনো কর্মসূচি থেকে সুবিধা পাওয়ার অযোগ্য গণ্য হন না। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে বিভিন্ন কর্মসূচির জন্য বিভিন্ন অ-নাগরিক স্ট্যাটাসের শর্ত রয়েছে। LDSS-4148B, “বই 2: সামাজিক পরিষেবা কর্মসূচিসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত,” এবং LDSS-4148B-এর জন্য ইনসার্ট, “সামাজিক পরিষেবা কর্মসূচিসমূহ সম্পর্কে আপনার যা জানা উচিত (LDSS-4148B.1),”-এ সন্তোষজনক অ-নাগরিক স্ট্যাটাস সম্পর্কে আরো তথ্য রয়েছে। এছাড়াও আপনি আরো তথ্যের জন্য আপনার ডিস্ট্রিক্টের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

পরিবারের যেকোনো প্রাপ্তবয়স্ক সদস্য অথবা অনুমোদিত প্রতিনিধি পরিবারের আবেদনকারী সব সদস্যের জন্য সার্টিফিকেশনে স্বাক্ষর করতে পারবেন। উদাহরণস্বরূপ, নাগরিকত্ব অথবা সন্তোষজনক অ-নাগরিক স্ট্যাটাস **বিস্তৃত** একজন বাবা বা মা নাগরিকত্ব অথবা সন্তোষজনক অ-নাগরিক স্ট্যাটাস **রয়েছে** এমন সন্তানের জন্য সার্টিফিকেশনে স্বাক্ষর করতে পারবেন। যদি আবেদনকারী পরিবারের কোনো সদস্যের বয়স 18 বছরের কম হয় (অথবা 18 বছর বা তার চেয়ে বেশি বয়সী হন কিন্তু কোনো মেডিকেল অক্ষমতা বা প্রতিবন্ধীত্বের কারণে নিজের নাম স্বাক্ষর করতে না পারেন), তাহলে পরিবারের 18 বছর বা তার চেয়ে বেশি বয়সী কোনো সদস্যকে **অংশ** এই ব্যক্তির জন্য স্বাক্ষর করতে হবে। পরিবারের অন্য কোনো সদস্যের জন্য স্বাক্ষর করার সময় আপনার নিজের নাম স্বাক্ষর করুন। উদাহরণস্বরূপ, ম্যারি ডো, শিশু জনি ডো-এর জন্য স্বাক্ষর করার সময়, “ম্যারি ডো” স্বাক্ষর করবেন।

একটি ঘরে টিকচিহ্ন দেওয়া এবং এই সার্টিফিকেশনে স্বাক্ষর করার অর্থ হলো, মিথ্যা সাক্ষ্য প্রদানের দণ্ডের বিষয়টি মেনে নিয়ে, আপনি প্রত্যয়ন করছেন যে, আপনি এবং/অথবা যেসব ব্যক্তির জন্য আপনি স্বাক্ষর করছেন তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক, আমেরিকার আদিবাসী, ন্যাশনাল, অথবা সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নাগরিক, যা আপনার/তাদের আবেদন করা প্রতিটি কর্মসূচির জন্য প্রয়োজ্য। যদি আপনি ঘরগুলোর কোনোটিতে টিকচিহ্ন না দেন অথবা আবেদনকারী কোনো অ-নাগরিক ব্যক্তির জন্য যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবার (USCIS) নম্বর প্রদান না করেন, তাহলে সেই ব্যক্তি সহায়তা নাও পেতে পারেন।

আপনি অথবা যার জন্য আপনি স্বাক্ষর করছেন সেই ব্যক্তি যদি যুক্তরাষ্ট্রের নাগরিক, আমেরিকার আদিবাসী, বা ন্যাশনাল না হন, অথবা সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নাগরিক না হন, তাহলে আপনার এই সার্টিফিকেশনে স্বাক্ষর করা উচিত নয়। সন্তোষজনক অভিবাসনগত অবস্থা নেই এমন অ-নাগরিকেরা PA, SNAP বেনিফিট, বা Medicaid-এর জন্য যোগ্য হবেন না (কোনো জরুরি মেডিকেল অবস্থার জন্য Medicaid চিকিৎসা ব্যতীত)। এধরনের ব্যক্তি নির্দিষ্ট কিছু পরিষেবার জন্যও অযোগ্য হতে পারেন।

আপনি আমাদেরকে যে তথ্য প্রদান করবেন সেটি USCIS-এর কাছে জমা দেওয়ার মাধ্যমে আমরা PA, SNAP বেনিফিট, Medicaid, অথবা পরিষেবাসমূহের জন্য আবেদন করা পরিবারের যেকোনো বা সব সদস্যের অ-নাগরিকত্বের স্ট্যাটাস নিশ্চিত করতে পারি। USCIS-এর কাছ থেকে পাওয়া তথ্য আপনার পরিবারের যোগ্যতা এবং সুবিধার মাত্রাকে প্রভাবিত করতে পারে।



## আবেদনপত্রের পৃষ্ঠা 5

### সেকশন 10: চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিটের কাছে রেফারাল সম্পর্কিত তথ্য

যদি আপনি শুধু Medicaid-এর জন্য আবেদন করেন এবং আপনি গর্ভবতী হন, গত 60 দিনের মধ্যে সন্তান প্রসব করে থাকেন, অথবা শুধু 21 বছরের কম বয়সী সন্তানের জন্য আবেদন করেন, অথবা যদি আপনি শুধু চাইল্ড কেয়ার সহায়তার জন্য আবেদন করেন, তাহলে আপনাকে এই সেকশনটি পূরণ করতে হবে না।

1. আপনি, *আপনি নিজেসহ* 21 বছরের কম বয়সী, অবিবাহিত বাবা-মায়ের কাছে জন্ম নেওয়া, এবং/অথবা বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠিত হয়নি এমন কোনো ব্যক্তির জন্য আবেদন করছেন কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" বা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।
2. আপনি, *আপনি নিজেসহ* 21 বছরের কম বয়সী এবং যার বাবা-মায়ের মধ্যে কমপক্ষে একজন বাড়ির বাইরে বসবাস করেন এমন কোনো ব্যক্তির জন্য আবেদন করছেন কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" বা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

যদি আপনি এই উভয় প্রশ্নের জন্য "না"-তে টিকচিহ্ন (✓) দিয়ে থাকেন, তাহলে সরাসরি সেকশন 11-তে চলে যান। আপনাকে সেকশন 10-এর বাকি অংশ সম্পূর্ণ করতে হবে না। যদি আপনি প্রশ্নগুলোর একটি বা উভয়টির জন্য "হ্যাঁ"-তে টিকচিহ্ন (✓) দিয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই সেকশন 10-এর বাকি অংশ সম্পূর্ণ করতে হবে।

3. আপনি 21 বছরের কম বয়সী কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" বা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

**21 বছরের কম বয়সী ব্যক্তির নাম:** যেসব ব্যক্তির জন্য আপনি প্রশ্ন 1, 2, এবং/অথবা 3-এর জন্য "হ্যাঁ" উত্তরে টিকচিহ্ন দিয়েছেন তাদের প্রত্যেকের নামের প্রথমাংশ, মধ্যাংশ, এবং শেষাংশ বড় হাতের অক্ষরে লিখুন।

**নন-কাস্টডিয়াল, দাবিকৃত, বা উদ্ভিষ্ট বাবা বা মায়ের নাম ও ঠিকানা, জন্মতারিখ, এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর:** যদি জানা থাকে, তাহলে যেসব ব্যক্তির জন্য আপনি প্রশ্ন 1, 2, এবং/অথবা 3-এর জন্য "হ্যাঁ" উত্তরে টিকচিহ্ন (✓) দিয়েছেন, তাদের প্রত্যেকের নন-কাস্টডিয়াল, দাবিকৃত, বা উদ্ভিষ্ট বাবা বা মায়ের নামের প্রথমাংশ, মধ্যাংশ, এবং শেষাংশ, ঠিকানা, জন্মতারিখ, এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর স্পষ্টাক্ষরে লিখুন। "নন-কাস্টডিয়াল বাবা বা মা"-এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে জিনগত/জৈবিক বাবা বা মা, আইনি বাবা বা মা, সং বাবা বা মা, অথবা কোনো শিশুকে দত্তক গ্রহণকারী বাবা বা মা যেখানে এধরনের বাবা বা মা শিশুর পরিবারে অনুপস্থিত বলে জানা যায়। ফর্স্টার কেয়ারে থাকা কোনো শিশুর ক্ষেত্রে, নন-কাস্টডিয়াল বাবা বা মা অথবা "অনুপস্থিত বাবা বা মা"-এর মধ্যে আরো অন্তর্ভুক্ত রয়েছে জিনগত/জৈবিক বাবা বা মা, আইনি বাবা বা মা, সং বাবা বা মা, অথবা সেই শিশুকে দত্তক গ্রহণকারী বাবা বা মা যেখানে এধরনের বাবা বা মা শিশুটি ফর্স্টার কেয়ারে প্রবেশ করার সময় শিশুটির পরিবারে উপস্থিত ছিলেন। "দাবিকৃত বাবা বা মা" হলেন এমন একজন ব্যক্তি যিনি হয়তো শিশুটির জিনগত/জৈবিক বাবা বা মা, কিন্তু তাকে এখনো আইনিভাবে বাবা বা মা হিসেবে ঘোষণা করা হয়নি। "উদ্ভিষ্ট বাবা বা মা" হলেন সেই ব্যক্তি যিনি কোনো শিশুর জন্মের ক্ষেত্রে সহযোগী হওয়ার কারণে সেই শিশুর বাবা বা মা হিসেবে আইনিভাবে স্বীকৃতি লাভ করতে চান। উদ্ভিষ্ট বাবা বা মা জন্মদানকারী বাবা বা মায়ের বৈবাহিক সঙ্গী হতে পারেন।

## আবেদনপত্রের পৃষ্ঠা 6

### সেকশন 11: ট্যাক্স ফাইল করা নির্ভরশীল অবস্থা

পরিবারে বসবাসকারী প্রত্যেক সদস্যের জন্য নিম্নলিখিত তথ্য বড় হাতের অক্ষরে লিখুন:

**নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, নামের শেষাংশ:** পরিবারে বসবাসকারী প্রত্যেক ব্যক্তির নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, নামের শেষাংশ বড় হাতের অক্ষরে লিখুন।

**ট্যাক্স স্ট্যাটাস:** পরিবারে বসবাসকারী প্রত্যেক ব্যক্তির জন্য যথাযথ ট্যাক্স স্ট্যাটাসে টিকচিহ্ন (✓) দিন।

আপনার সঙ্গে বসবাস করেন না এবং আপনি বা আপনার পরিবারের অন্য কেউ দাবি করেছেন এমন কর নির্ভরশীল (ট্যাক্স ডিপেনডেন্ট) ব্যক্তিদের তালিকা দিন। যদি আপনি ট্যাক্স ফাইল না করে থাকেন, তাহলে আপনি এসব প্রশ্ন এড়িয়ে যেতে পারেন।

**কর নির্ভরশীল (ট্যাক্স ডিপেনডেন্ট) ব্যক্তির নাম:** আপনার সঙ্গে বসবাস করেন না, কিন্তু আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি কর নির্ভরশীল (ট্যাক্স ডিপেনডেন্ট) হিসেবে দাবি করেছেন এমন ব্যক্তির নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, এবং নামের শেষাংশ স্পষ্টাক্ষরে লিখুন।

**ট্যাক্স ফাইলকারীর নাম:** তালিকাভুক্ত প্রত্যেক কর নির্ভরশীল ব্যক্তির জন্য, পরিবারে বসবাসকারী যে ব্যক্তি কর নির্ভরশীল হওয়ার দাবি করেছেন তার নামের প্রথমাংশ, মধ্যম নামের আদ্যক্ষর, এবং নামের শেষাংশ বড় হাতের অক্ষরে লিখুন।

### সেকশন 12: অনুপস্থিত মৃত স্বামী বা স্ত্রীর তথ্য

**আবেদনকারী ব্যক্তির নাম:** আবেদনকারী এমন যেকোনো ব্যক্তির নাম বড় হাতের অক্ষরে লিখুন যিনি বিবাহিত আছেন/ছিলেন, কিন্তু তার স্বামী বা স্ত্রী তার সঙ্গে বসবাস করেন না অথবা মৃত্যুবরণ করেছেন।

**স্বামী বা স্ত্রীর নাম:** আবেদনকারী বিবাহিত/সাবেক বিবাহিত ব্যক্তির স্বামী বা স্ত্রী, যিনি সেই ব্যক্তির সঙ্গে বসবাস করেন না অথবা মৃত্যুবরণ করেছেন, তার নাম স্পষ্টাক্ষরে লিখুন।

**স্বামী বা স্ত্রীর জন্মতারিখ এবং স্বামী বা স্ত্রীর মৃত্যুর তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে:** আবেদনকারী বিবাহিত/সাবেক বিবাহিত ব্যক্তির স্বামী বা স্ত্রী, যিনি সেই ব্যক্তির সঙ্গে বসবাস করেন না অথবা মৃত্যুবরণ করেছেন, তার জন্মের এবং মৃত্যুর (প্রযোজ্য ক্ষেত্রে) মাস, দিন ও বছর স্পষ্টাক্ষরে লিখুন।

**স্বামী/স্ত্রীর সোশ্যাল সিকিউরিটি নম্বর:** আবেদনকারী বিবাহিত/সাবেক বিবাহিত ব্যক্তির স্বামী বা স্ত্রী, যিনি সেই ব্যক্তির সঙ্গে বসবাস করেন না অথবা মৃত্যুবরণ করেছেন, তার সোশ্যাল সিকিউরিটি নম্বর স্পষ্টাক্ষরে লিখুন।

**স্বামী বা স্ত্রীর ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে:** আবেদনকারী বিবাহিত ব্যক্তির স্বামী বা স্ত্রী, যিনি সেই ব্যক্তির সঙ্গে বসবাস করেন না, তার সড়কের ঠিকানা, সিটি, কাউন্টি, স্টেট, ও জিপ কোড বড় হাতের অক্ষরে লিখুন। জানা না থাকলে, স্বামী বা স্ত্রীর সর্বশেষ জ্ঞাত ঠিকানা বড় হাতের অক্ষরে লিখুন।

### সেকশন 13: অনুপস্থিত সন্তানের তথ্য

**আবেদনকারী ব্যক্তির নাম:** আবেদনকারী এমন যেকোনো ব্যক্তির নাম স্পষ্টাক্ষরে লিখুন যার 21 বছরের কম বয়সী সন্তান রয়েছে, যে সন্তান তার সঙ্গে বসবাস করছে না।

**অনুপস্থিত সন্তানের নাম এবং জন্মতারিখ:** আবেদনকারী কোনো ব্যক্তির সঙ্গে বসবাস করছে না এমন 21 বছরের কম বয়সী যেকোনো সন্তানের নাম এবং জন্মের মাস, দিন ও তারিখ স্পষ্টাক্ষরে লিখুন।

**সন্তানের ঠিকানা:** আবেদনকারী কোনো ব্যক্তির সঙ্গে বসবাস করছে না এমন 21 বছরের কম বয়সী সন্তানের বসবাসের স্থানের সড়কের ঠিকানা, সিটি, কাউন্টি, স্টেট ও জিপ কোড স্পষ্টাক্ষরে লিখুন।

**বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠিত হয়েছে?:** আবেদনকারী কোনো ব্যক্তির সঙ্গে বসবাস করছে না এমন 21 বছরের কম বয়সী সন্তানের জন্য বাবা-মায়ের আইনি পরিচয় প্রতিষ্ঠিত হয়েছে কিনা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন দিন (✓)।

**আপনি কি চাইল্ড সাপোর্টের অর্থ পরিশোধ করেন?:** আবেদনকারী কোনো ব্যক্তির সঙ্গে বসবাস করছে না এমন 21 বছরের কম বয়সী সন্তানের জন্য সেই ব্যক্তি চাইল্ড সাপোর্টের অর্থ পরিশোধ করছেন কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন দিন (✓)।

### সেকশন 14: কিশোর-কিশোরী বাবা বা মায়ের তথ্য

যদি আপনি সরকারি সহায়তার জন্য আবেদন করেন তাহলেই শুধু এই সেকশন সম্পন্ন করুন।

**পরিবারে কি 18 বছরের কম বয়সী কোনো বাবা বা মা ("কিশোর-কিশোরী বাবা বা মা") রয়েছে?:** আবেদনকারী কোনো ব্যক্তি 18 বছরের কম বয়সী বাবা বা মা কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন দিন (✓)।

**নাম:** আবেদনকারী এমন যেকোনো ব্যক্তির নাম স্পষ্টাক্ষরে লিখুন, যিনি 18 বছরের কম বয়সী বাবা বা মা।

**কিশোর-কিশোরী বাবা বা মায়ের সন্তান কি পরিবারে বসবাস করে?** আবেদনকারী 18 বছরের কম বয়সী কোনো ব্যক্তির সন্তান আপনার সঙ্গে বসবাস করছে কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন দিন (✓)।

**কিশোর-কিশোরী বাবা বা মায়ের সন্তানের নাম:** আবেদনকারী 18 বছরের কম বয়সী কোনো ব্যক্তির সন্তানের নাম বড় হাতের অক্ষরে লিখুন।

## আবেদনপত্রের পৃষ্ঠা 7 ও 8

### সেকশন 15: *আয় সংক্রান্ত তথ্য*

**আপনি বা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি নিম্নোক্ত উৎস থেকে অর্থ পেয়ে থাকেন কিনা এবং তিনি কে তা নির্দেশ করুন:** আপনি বা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি তালিকাভুক্ত কোনো ধরনের আয় থেকে অর্থ পেয়ে থাকেন কিনা তা নির্দেশ করতে 1 থেকে 27 নম্বর পর্যন্ত লাইনে "হ্যাঁ" বা "না"-তে টিকচিহ্ন (✓) দিন, এবং প্রতিটি "হ্যাঁ" উত্তরের জন্য অর্থ গ্রহণকারী ব্যক্তির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**পরিমাণ/মান এবং কত ঘন ঘন:** প্রতিটি "হ্যাঁ" উত্তরের জন্য ডলারের (\$) পরিমাণ বা মান এবং প্রত্যেক ব্যক্তি কত ঘন ঘন এধরনের আয় পেয়ে থাকেন তা স্পষ্টাক্ষরে লিখুন। উদাহরণস্বরূপ, যদি আপনি কর্মহীনতা সংক্রান্ত বিমা সুবিধা থেকে প্রতি সপ্তাহে 100 ডলার পান, তাহলে "\$100 per week" (প্রতি সপ্তাহে 100 ডলার) অথবা "\$100/wk." (100 ডলার/সপ্তাহ) লিখুন।

**সম্পূরক নিরাপত্তা আয় (SSI) সুবিধা (স্টেট ও ফেডারেল মোট পরিমাণ):** যদি আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি সম্পূরক নিরাপত্তা আয়ের (SSI) পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের সম্পূরক কর্মসূচির (New York State Supplement Program, SSP) সুবিধা পেয়ে থাকেন, তাহলে এসব পরিমাণ একসঙ্গে যোগ করুন এবং 2 নম্বর লাইনে SSI সুবিধার জন্য পরিমাণ/মান এবং কত ঘন ঘন কলামে সেটি লিখুন। যদি আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি শুধু SSP সুবিধা পান, তাহলে 2 নম্বর লাইনে SSI সুবিধার জন্য পরিমাণ/মান এবং কত ঘন ঘন কলামে সেই পরিমাণটি লিখুন।

**ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্ট (পেয়েছেন):** যদি আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্ট পেয়ে থাকেন, তাহলে 17 নম্বর লাইনে ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্টের জন্য পরিমাণ/মান এবং কত ঘন ঘন কলামে সেই পরিমাণটি লিখুন। যদি আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি ফস্টার কেয়ারে থাকা কোনো শিশুর জন্য ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্ট পেয়ে থাকেন এবং আপনি সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (SNAP) সুবিধার জন্য আবেদন করেন, তাহলে আপনার কাছে দুইটি বিকল্প রয়েছে: আপনি আপনার SNAP বেনিফিটের পরিবারের মধ্যে ফস্টার কেয়ারের সেই শিশুকে এবং ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্ট অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিতে পারেন অথবা আপনি আপনার SNAP বেনিফিটের পরিবারের মধ্যে ফস্টার কেয়ারের সেই শিশুকে এবং ফস্টার কেয়ার রক্ষণাবেক্ষণের পেমেন্ট অন্তর্ভুক্ত **ন** করার সিদ্ধান্ত নিতে পারেন। কোন পছন্দটি আপনাকে বেশি SNAP বেনিফিট প্রদান করবে তা আপনার ডিস্ট্রিক্টকে জিজ্ঞেস করুন।

**চাইল্ড সাপোর্ট পেমেন্ট (পেয়েছেন):** যদি আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি চাইল্ড সাপোর্ট পেমেন্ট পেয়ে থাকেন, তাহলে 18 নম্বর লাইনে "যার কাছে থেকে পান"-এর পরে যিনি চাইল্ড সাপোর্টের অর্থ পরিশোধ করেন সেই ব্যক্তির নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**অন্যান্য আয়:** আপনার অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির পাওয়া অন্য কোনো অর্থের বিবরণ দিন, যার মধ্যে কে অর্থ পাচ্ছেন, কী পরিমাণ অর্থ পাচ্ছেন, এবং কত ঘন ঘন পাচ্ছেন তা অন্তর্ভুক্ত থাকবে।

**কর্তন, কে, এবং পরিমাণ/মান এবং কত ঘন ঘন:** যদি আপনি Medicaid-এর জন্য আবেদন করেন, তাহলে আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি বর্তমান বছরের আয়কর রিটার্নে তালিকাভুক্ত ফেডারেল কর কর্তনের কোনোটি দাবি করবেন কিনা তা নির্দেশ করতে লাইন নম্বর 1 থেকে 15-এর জন্য "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন। প্রতিটি "হ্যাঁ" উত্তরের জন্য, যে ব্যক্তি কর্তন দাবি করবেন তার নাম, এবং আয়কর রিটার্নে যেসব ব্যয় দাবি করা হবে সেগুলোর পরিমাণ বা মান এবং কত ঘন ঘন তা স্পষ্টাক্ষরে লিখুন।

**অন্যান্য সমন্বয়:** আপনি অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি বর্তমান বছরের আয়কর রিটার্নে দাবি করবেন এমন অন্য যেকোনো ফেডারেল কর কর্তনের বিবরণ দিন, যার মধ্যে কে কর্তন দাবি করবেন, এবং আয়কর রিটার্নে যেসব ব্যয় দাবি করা হবে সেগুলোর পরিমাণ বা মান এবং কত ঘন ঘন তা অন্তর্ভুক্ত থাকবে।

### সেকশন 16: *সং বাবা বা মা সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন অ-নাগরিক পৃষ্ঠপোষকের তথ্য*

**আপনার সঙ্গে বসবাসকারী কোনো শিশুর সং বাবা বা মায়ের কি কোনো সম্পদ রয়েছে অথবা তিনি কি কোনো ধরনের আয় পেয়ে থাকেন? এবং কে:** আপনি সহ, আবেদনকারী কোনো ব্যক্তির কোনো সং বাবা বা মা রয়েছে কিনা, যিনি আপনার সঙ্গে বসবাস করেন না এবং যার আর্থিক সম্পদ রয়েছে অথবা যিনি কোনো উৎস থেকে অর্থ পান, তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন। (যদি সং বাবা বা মা আপনার সঙ্গে বসবাস করেন, তাহলে সং বাবা বা মায়ের সম্পদ/আয় সেকশন 15, আয় সংক্রান্ত তথ্য-তে অন্তর্ভুক্ত করতে হবে।) যদি "হ্যাঁ" হয়, তাহলে সং বাবা বা মায়ের নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**আপনার পরিবারের কোনো ব্যক্তি কি সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন একজন অ-নাগরিক, যাকে যুক্তরাষ্ট্রে প্রবেশের জন্য পৃষ্ঠপোষকতা করা হয়েছে এবং কে?:** আপনি অথবা আপনার পরিবারের কোনো ব্যক্তি সন্তোষজনক অভিবাসনগত অবস্থা সম্পন্ন একজন

অ-নাগরিক কিনা, যাকে যুক্তরাষ্ট্রে প্রবেশের জন্য কোনো ব্যক্তি পৃষ্ঠপোষকতা করেছেন, তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন। যদি "হ্যাঁ" হয়, তাহলে যাকে পৃষ্ঠপোষকতা করা হয়েছে তার নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**পৃষ্ঠপোষকের নাম, ঠিকানা এবং ফোন নম্বর:** যদি "হ্যাঁ" হয়, তাহলে যে ব্যক্তি আপনাকে অথবা আপনার পরিবারের কোনো ব্যক্তিকে যুক্তরাষ্ট্রে প্রবেশের জন্য পৃষ্ঠপোষকতা করেছেন তার নাম, পৃষ্ঠপোষকের ঠিকানা, এবং পৃষ্ঠপোষকের ফোন নম্বর বড় হাতের অক্ষরে লিখুন।

## আবেদনপত্রের পৃষ্ঠা 9 ও 10

### সেকশন 17: কর্মসংস্থান সংক্রান্ত তথ্য

আপনার নিজের জন্য এবং আপনার সঙ্গে বসবাসকারী সবার জন্য এই সেকশনটি সম্পন্ন করুন। যদি আপনি কর্মসংস্থানে নিয়োজিত থাকেন, তারপরও আপনি সহায়তার জন্য যোগ্য হতে পারেন। এই সেকশনে "কাজ করার বয়স" বলতে 18 বছর বা তার চেয়ে বেশি বয়স, অথবা স্কুলে অধ্যয়নরত নয় এমন ব্যক্তিদের ক্ষেত্রে 16 বছর বা তার চেয়ে বেশি বয়স বুঝানো হয়েছে।

**আমি বর্তমানে:** আপনি কাজ করছেন কিনা এবং কাজ করলে নিজের জন্য নাকি অন্য কোনো ব্যক্তির জন্য কাজ করছেন তা নির্দেশ করতে "কর্মসংস্থানে নিয়োজিত", "আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত", অথবা "বেকার"-এ টিকচিহ্ন (✓) দিন।

**গ্রস আয়:** প্রযোজ্য ক্ষেত্রে, কর প্রদানের আগে সাপ্তাহিক, পাক্ষিক, বা মাসিক (বার্ষিক নয়) ভিত্তিতে আপনার প্রাপ্ত অর্থের পরিমাণ স্পষ্টাক্ষরে লিখুন। মজুরি, বেতন, ওভারটাইম পে, কমিশন, ও টিপস ইত্যাদি সবকিছু অন্তর্ভুক্ত করুন।

**মাসিক কর্মঘণ্টা:** প্রযোজ্য ক্ষেত্রে, প্রতি মাসে আপনার কর্মঘণ্টার পরিমাণ স্পষ্টাক্ষরে লিখুন।

**প্রাপ্ত অর্থ:** প্রযোজ্য ক্ষেত্রে, আপনি কত ঘন ঘন অর্থ পেয়ে থাকেন তা নির্দেশ করতে "সাপ্তাহিক", "পাক্ষিক", অথবা "মাসিক"-এ টিকচিহ্ন (✓) দিন।

**সপ্তাহের যে দিনে অর্থ পান:** প্রযোজ্য ক্ষেত্রে, আপনি সপ্তাহের যে দিনে অর্থ পান তা স্পষ্টাক্ষরে লিখুন।

**নিয়োগকর্তার নাম ও ঠিকানা এবং ফোন নম্বর:** প্রযোজ্য ক্ষেত্রে, আপনার নিয়োগকর্তার নাম, ঠিকানা এবং ফোন নম্বর বড় হাতের অক্ষরে লিখুন। যদি আপনি আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত থাকেন তাহলে "নিজ" ("self") লিখুন, এবং আপনার ব্যবসার ঠিকানা ও ফোন নম্বর লিখুন।

**আপনার সঙ্গে বসবাসকারী অন্য কেউ কি বর্তমানে কর্মসংস্থানে বা আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত আছেন এবং কে:** যদি আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তি কর্মসংস্থানে নিয়োজিত থাকেন, তাহলে "কর্মসংস্থানে নিয়োজিত", অথবা "আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত"-তে টিকচিহ্ন (✓) দিন এবং তাদের নাম বড় হাতের অক্ষরে লিখুন।

**গ্রস আয়, মাসিক কর্মঘণ্টা, প্রাপ্ত অর্থ, সপ্তাহের যে দিনে অর্থ পান, নিয়োগকর্তার নাম ও ঠিকানা এবং ফোন নম্বর:** উপরোক্ত নির্দেশনা অনুযায়ী আপনার সঙ্গে বসবাস করেন এবং কর্মসংস্থানে নিয়োজিত রয়েছেন এমন যেকোনো ব্যক্তির জন্য সম্পন্ন করুন।

**আপনার নিয়োগকর্তার মাধ্যমে কি স্বাস্থ্য বিমা পাওয়া যায়?:** যদি আপনি কর্মসংস্থানে নিয়োজিত হন, তাহলে আপনার নিয়োগকর্তার মাধ্যমে আপনি মেডিকেল কভারেজ পান কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন।

**আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির কি একজন নিয়োগকর্তার সঙ্গে স্বাস্থ্য বিমা রয়েছে?: এবং তিনি কে:** আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির একজন নিয়োগকর্তার সঙ্গে স্বাস্থ্য বিমা রয়েছে কিনা তা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন, এবং যদি "হ্যাঁ" হয়, তাহলে তাদের নাম স্পষ্টাক্ষরে লিখুন।

**বিমা কোম্পানির নাম:** প্রযোজ্য ক্ষেত্রে, আপনার স্বাস্থ্য বিমা কোম্পানির নাম এবং/অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির স্বাস্থ্য বিমা কোম্পানির নাম স্পষ্টাক্ষরে লিখুন।

**আপনার অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির কি কর্মসংস্থানের কারণে শিশু বা নির্ভরশীল ব্যক্তির সেবার খরচ রয়েছে? এবং তিনি কে:** আপনার অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির কর্মসংস্থানের কারণে শিশু বা নির্ভরশীল ব্যক্তির সেবার খরচ (যেমন একজন বয়স্ক বাবা বা মায়ের জন্য) রয়েছে কিনা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন এবং যে ব্যক্তির এসব খরচ রয়েছে তার নাম স্পষ্টাক্ষরে লিখুন।

আপনার অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির কি কর্মসংস্থানের সাথে সম্পর্কিত অন্যান্য খরচ রয়েছে? এবং তিনি কে: আপনার অথবা আপনার সঙ্গে বসবাসকারী কোনো ব্যক্তির কর্মসংস্থানের সাথে সম্পর্কিত অন্যান্য খরচ (যেমন পরিবহন, ইউনিফর্ম) রয়েছে কিনা নির্দেশ করতে "হ্যাঁ" অথবা "না"-তে টিকচিহ্ন (✓) দিন এবং যদি "হ্যাঁ" হয়, তাহলে আপনার/তাদের নাম স্পষ্টাক্ষরে লিখুন।

